

## আল-মুরসালাত | Al-Mursalat | الْمُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ২৭

আরবি মূল আয়াত:

وَجَعَلْنَا فِيهَا رَوَاسِيَ شِمِخَتْ وَ أَسْقَيْنُكُمْ مَاءً فُرَاتًا ﴿٢٧﴾

অনুবাদসমূহ:

আর এখানে স্থাপন করেছি সুদৃঢ় ও সুউচ্চ পর্বত এবং তোমাদেরকে পান করিয়েছি সুপেয় পানি। — আল-বায়ান

আর আমি তাতে স্থাপন করেছি অনড় সুউচ্চ পর্বতমালা আর তোমাদেরকে পান করিয়েছি সুমিষ্ট সুপেয় পানি। — তাইসিরুল

আমি তাতে স্থাপন করেছি সুদৃঢ় উচ্চ পর্বতমালা এবং তোমাদেরকে দিয়েছি সুপেয় পানি। — মুজিবুর রহমান

And We placed therein lofty, firmly set mountains and have given you to drink sweet water. — Sahih International

২৭. আর আমরা তাতে স্থাপন করেছি সুদৃঢ় উচ্চ পর্বতমালা এবং তোমাদেরকে পান করিয়েছি সুপেয় পানি।(১)

(১) অর্থাৎ এ পৃথিবীর অভ্যন্তরে সুপেয় পানি সৃষ্টি করা হয়েছে। এর পৃষ্ঠদেশের উপরেও সুপেয় পানির নদী ও খাল প্রবাহিত করা হয়েছে। যেমন অন্য আয়াতে বলেছেন, “তোমরা যে পানি পান কর তা সম্পর্কে আমাকে জানাও তোমরা কি সেটা মেঘ হতে নামিয়ে আন, না আমরা সেটা বর্ষণ করি? আমরা ইচ্ছে করলে তা লবণাক্ত করে দিতে পারি। তবুও কেন তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর না?” [সূরা আল-ওয়াকি'আহ: ৬৮-৭০]

তাফসীরে জাকারিয়া

(২৭) আমি ওতে স্থাপন করেছি সুদৃঢ় উচ্চ পর্বতমালা[১] এবং তোমাদেরকে দিয়েছি সুপেয় পানি।

[১] رَوَاسِيَ এর বহুবচন। অর্থ সুদৃঢ় পাহাড়। شِمِخَاتُ

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5649>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন